প্রথম আলো

মঙ্গলবার, ২৮ জুলাই ২০২৬, ১৩ শ্রাবণ ১৪৩৩

North South University Library
1992

# জুলাইয়ের স্থায়ী সাফল্য রাষ্ট্রীয় কাঠামোর মৌলিক রূপান্তরে

## নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে স্মরণানুষ্ঠান

নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) ও জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন গতকাল যৌথভাবে আলোচনা সভার আয়োজন করে।

**নিজস্ব প্রতিবেদক**, *ঢাকা*

জুলাই আন্দোলনের স্থায়ী সাফল্য ধরে রাখতে শিক্ষা, কর্মসংস্থান ও সামাজিক ন্যায়বিচার নিশ্চিত করার পাশাপাশি রাষ্ট্রীয় কাঠামোর মৌলিক রূপান্তর প্রয়োজন।

গতকাল সোমবার বিকেলে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) ও জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে আয়োজিত এক আলোচনা সভায় বক্তারা এ কথা বলেন। এনএসইউ মিলনায়তনে 'জুলাই অভ্যুত্থান ২০২৪ স্মরণানুষ্ঠান' শীর্ষক এই সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, গণতন্ত্র ও নাগরিক অধিকার রক্ষায় শুধু আইন বা সংবিধান সংশোধন করলেই চলবে না। এর জন্য প্রয়োজন রাজনৈতিক সংস্কৃতি ও মানুষের মানসিকতার পরিবর্তন।

আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন এনএসইউর মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক সলিমুল্লাহ খান। তিনি বলেন, গণতন্ত্রের মূল ভিত্তি শুধু ভোটাধিকার নয়; বরং স্বাধীনতা ও সমতার নিশ্চিত মেলবন্ধন। কোনো সমাজে মানুষের অধিকার ও সুযোগের সমতা না থাকলে প্রকৃত স্বাধীনতা নিশ্চিত হয় না। তাঁর মতে, দেশের সবচেয়ে বড় সংস্কার হওয়া উচিত সামাজিক ক্ষেত্রে, বিশেষ করে শিক্ষা ও নাগরিক অধিকারের প্রশ্নে। স্বাধীনতার এত বছর পরেও সবার জন্য মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে না পারাকে তিনি অগ্রাধিকারের বড় সংকট হিসেবে উল্লেখ করেন।

সলিমুল্লাহ খান আরও বলেন, বাংলাদেশে সবচেয়ে কম আলোচিত কিন্তু সবচেয়ে গুরুত্বপূর্ণ শব্দ হলো 'ফ্যাসিবাদ'। কেবল সরকার পরিবর্তন বা কিছু সংস্কারই যথেষ্ট নয়। যে রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক কাঠামো ফ্যাসিবাদী শাসনকে জন্ম দেয় এবং টিকিয়ে রাখে, তা পুরোপুরি বদলানো প্রয়োজন।



'জুলাই অভ্যুত্থান ২০২৪ স্মরণানুষ্ঠান' শীর্ষক সভার অতিথিরা। গতকাল নর্থ সাউথ ইউনিভার্সিটিতে। ছবি : প্রথম আলো

জাতীয় নাগরিক কমিটির জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক সামান্তা শারমিন বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এখন নিজেদের রাজনৈতিক ইতিহাস নিজেরাই নির্মাণ করছেন। এটি ভবিষ্যতে দেশের গণতান্ত্রিক ও অধিকারভিত্তিক রাজনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও সাবেক চেয়ারম্যান বেনজীর আহমেদ বলেন, জুলাই অভ্যুত্থানের মধ্য দিয়ে দেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার একটি বড় সুযোগ তৈরি হয়েছে।

নর্থ সাউথ ইউনিভার্সিটির সহ-উপাচার্য নেছার উদ্দিন আহমেদের সঞ্চালনায় আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী। অনুষ্ঠানে আরও বক্তব্য দেন জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনের প্রধান নির্বাহী লেফটেন্যান্ট কর্নেল (অব.) কামাল আকবর। এ ছাড়া প্যানেল আলোচনায় আন্দোলনে অংশ নেওয়া শিক্ষকদের পক্ষে স্থাপত্য বিভাগের অধ্যাপক সাইফুল ইসলাম ও ইসিই বিভাগের সহযোগী অধ্যাপক রিয়াসাত খান তাঁদের অভিজ্ঞতা তুলে ধরেন।